একুশে টিভির সংবাদ পাঠিকার নিয়োগ পেলেন মেহেরপুরের নির্জনা

একুশে টেলিভিশনের সংবাদ পাঠিকা হিসেবে নিয়োগ পেলেন মেহেরপুরের সন্তান ফাতেমা ফারজানা নির্জনা।

আজ রবিবার (২৪ নভেম্বর) সকাল ১১ টার সময় একটা সংবাদ পাঠের মধ্য দিয়ে একুশে টিভিতে তার নতুন পথচলা শুরু হয়।

ফাতেমা ফারজানা নির্জনা মেহেরপুরের সাবেক ছাত্রনেতা মফিজুর রহমানের কন্যা এবং গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট শফিকুল আলমের পুত্রবধু। নির্জনা বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যায় রয়েছে।

এর আগে দুর্নীতি দমন কমিশন আয়োজিত বিতর্ক প্রতিযোগিতায় সারাদেশের মধ্যে প্রথম স্থান অর্জন করে নির্জনা ও তার দুই বান্ধবী।

দামুড়হুদা সাংবাদিক সমিতির কমিটি গঠন: সভাপতি কাজল, সম্পাদক বাবু

দামুড়হুদা প্রেস ক্লাবের সাংবাদিক সমিতির দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়েছে। আজ বুধবার (২০ নভেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ে দামুড়হুদা সাংবাদিক সমিতির ৯সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

এতে সভাপতি মনোনীত হয়েছে হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশের সভাপতিত্বে দামুড়হুদা সাংবাদিক সমিতির কমিটি গঠন অনুষ্ঠানে সর্বসম্মতিক্রমে অন্যান্য পদে মনোনীত হয়েছেন সহ-সভাপতি মোজাম্মেল শিশির, সহ-সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, অর্থ সম্পাদক খালেকুজ্জামান, কার্যকরী কমিটির সদস্য মাহবুবুর রহমান মনি, শামসুজ্জোহা পলাশ ও তানজির ফয়সাল ।

প্রথম পুরস্কার পেলেন মেহেরপুরের ছেলে ইয়াসির আরাফাত

ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) ও দেশ টিভি বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড-২০২৪ এ অনলাইন ক্যাটাগরিতে প্রথম পুরস্কার পেয়েছেন মেহেরপুরের ছেলে জাগো নিউজের জ্যেষ্ঠ প্রতিবেদক ইয়াসির আরাফাত রিপন।

ইয়াসির আরাফাত রিপন মেহেরপুর জেলার গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের আশকার আলীর ছেলে।

গত শুক্রবার (৮ নভেম্বর) সন্ধ্যায় ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী অডিটোরিয়ামে অ্যাওয়ার্ড উপলক্ষে আয়োজিত এক জমকালো অনুষ্ঠানে এ পুরস্কার দেওয়া হয়।

গত বছরের ডিসেম্বরে প্রকাশিত ‘খরচ বাঁচাতে খাদ্য তালিকায় কমছে আমিষ, বাড়ছে হেঁটে যাতায়াত’ শীর্ষক চার পর্বের প্রতিবেদনের জন্য এ পুরস্কার পেয়েছেন রিপন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। বিশেষ অতিথি ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, দেশ টেলিভিশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক অ্যাটকোর সাধারণ সম্পাদক আরিফ হাসান ও জুরিবোর্ডের প্রধান ডিআরইউয়ের সাবেক সভাপতি শফিকুল করিম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিআরইউ সভাপতি সৈয়দ শুকুর আলী শুভ। স্বাগত বক্তব্য দেন সাধারণ সম্পাদক মহি উদ্দিন।

ইয়াসির আরাফাত রিপন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। পেশাগত জীবনে তিনি দৈনিক সংবাদ, একুশে টেলিভিশন (ইটিভি), অনলাইন নিউজপোর্টাল বাংলানিউজটোয়েন্টিফোর.কম-এ কাজ করেছেন। ২০২০ সালের নভেম্বরে জাগোনিউজ২৪.কম-এ যোগ দেন তিনি।

দীর্ঘদিন ধরে অর্থনৈতিক বিটে কাজ করছেন ইয়াসির আরাফাত রিপন। সাংগঠনিকভাবে তিনি ডিআরইউ ছাড়াও ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) এবং বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) স্থায়ী সদস্য। এর আগে আরাফাত আবাসন খাত ও আবাসন খাতে ব্যাংক সংশ্লিষ্টতা বিষয়ে ‘রিহ্যাব বর্ষসেরা পুরস্কার’ লাভ করেন।

আলমডাঙ্গায় সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত

জমি সংক্রান্ত বিরোধের তদন্ত পূর্বক সুষ্ঠ বিচার ও জীবনের নিরাপত্তা ঝুকি এড়াতে প্রশাসনের দৃষ্টি আকর্ষন করে সাংবাদিক সম্মেলন করেছেন আলমডাঙ্গার হাড়গাড়ি গ্রামের ভাদু মালিতা।

আজ শনিবার তিনি এ সাংবাদিক সম্মেলের আয়োজন করেন।

লিখিত সাংবাদিক সম্মেলনে ভাদু মালিতা জানান, গত ১১ ফ্রেবুয়ারী আমার মালয়েশিয়া প্রবাসি ছেলে আক্তারুজ্জামান সকাল সাড়ে ৭ টার দিকে বাজার থেকে বাড়ি ফিরছিল। পথিমধ্যে গ্রামের মৃত নুর মোহাম্মদের ছেলে এক সময়ের সিরাজ বাহিনীর সন্ত্রাসী নাসির উদ্দিন সহ তার দলবল জমি জায়গা নিয়ে অযুহাত দিয়ে দ্বন্দ্ব তৈরী করে। এরই জের ধরে মৃত ফয়েজ উদ্দিনের ছেলে মজনু, মৃত রাজ আলী মন্ডলের ছেলে আনোয়ার হোসেনের নির্দেশে নাসির উদ্দিন তার দলবল জান্টু,আব্দুস সামাদকে সাথে নিয়ে আমার ছেলে আক্তারুজ্জামানকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে জখম করে। তারা পূর্বে আমার ছেলের কাছে চাঁদা দাবী করে না

পেয়েই এ ঘটনা ঘটায়। পরে আমার ছোটভাইসহ স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

এ মারধরের ঘটনায় ওই রাতেই ৫ জনকে আসামী করে মামলা দায়ের করি। মামলা আদালতে চলমান রয়েছে। তারা আদালত থেকে জামিন নিয়ে এসে স্থানীয় আওয়ামী লীগের প্রভাব খাটিয়ে মামলার ৩ আসামী নাসির হোসেন,জান্টু ও আব্দুস সামাদ আমাদের নানাভাবে উপর চাপ প্রয়োগ করতে থাকে। রাস্তা ঘাটে দেখা হলেই তারা আমাদের প্রাণ নাশের হুমকি দেয়।আমি, আমার পরিবারসহ ভাই ভাতিজারা নিরাপত্তা হীনতায় ভুগছি। গত বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকালে আমি গ্রামের আশরাফুলের চায়ের দোকানে গেলে সন্ত্রাসী নাসির হোসেন সবার সামনে আমার গলা চেপে ধরে মামলা তুলে না নিলে হত্যার হুমকি দেয়।

সাংবাদিক সম্মেলনে তিনি আরও উল্লেখ করেন শুধু আমি না গ্রামের অনেকেই তার সন্ত্রাসের শিকার। সন্ত্রাসী নাসির হোসেন আওয়ামী লীগের আমলে নানা অপকর্ম করে গত ৫ আগস্টের পর পট পরিবর্তন হলে বিএনপির নেতা দাবী করে নানা সন্ত্রাসী কর্মকান্ড করছে। এক সময়ে সিরাজ বাহিনীর সন্ত্রাসী হওয়ায় আমাদের বিভিন্ন ভাবে অস্ত্রের ভয় দেখায়। তার অত্যাচারে মানুষ অতিষ্ঠ। আমি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রশাসনের দৃষ্টি আকর্ষন পূর্বক সন্ত্রাসী কর্মকান্ডের সুষ্ঠ বিচার ও আমাদের পরিবারের সকলের জীবনের নিরাপত্তার দাবী জানাচ্ছি।

শপথ গ্রহণের মধ্য দিয়ে মুজিবনগর প্রেসক্লাবের নতুন কমিটির যাত্রা শুরু

মুজিবনগরে মাটিতে এই প্রথম সদস্যদের শপথ গ্রহণের মধ্য দিয়ে ঐতিহাসিক মুজিবনগরের একমাত্র সাংবাদিকদের সংগঠন মুজিবনগর প্রেসক্লাবের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে।

মুজিবনগর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের গণপূর্ত রেস্ট হাউসে আজ

সোমবার দিনব্যাপী এক উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে সকল সদস্য সম্মতিক্রমে মুন্সি ওমর ফারুক প্রিন্সকে পুনরায় সভাপতি ও ভোরের কাগজের ও মেহেরপুর প্রতিদিন এর মুজিবনগর উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শের খান) কে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কমিটি ঘোষনা করেন।

মেহেরপুর প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি জৈষ্ঠ সাংবাদিক রুহুল কুদ্দুস টিটো উপস্থিত থেকে সকল সদস্যদের শপথ বাক্য পাঠ করান ।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি দৈনিক সংগ্রাম প্রতিনিধি খাইরুল বাশার, সাংগঠনিক সম্পাদক নিউজ টোয়েন্টিফোর প্রতিনিধি সানোয়ার হোসেন ডালিম, কোষাধক্ষ্য মাথাভাঙ্গা ও যায়যায় দিন প্রতিনিধি শেখ শফিউদ্দিন, দপ্তর সম্পাদক জবাবদিহি প্রতিনিধি শাকিল রেজা।

নির্বাহী সদস্যরা হলেন, সময়ের সমীকরনের প্রতিনিধি সোহাগ মন্ডল, আকাশ খবরের প্রতিনিধি রেজাউল করিম, দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকার প্রতিনিধি জাহিদ হাসান, দৈনিক সত্য খবরের প্রতিনিধি তুহিন আলী।

এর আগে প্রথম সেশনে কমিটির বিলুপ্ত ঘোষণা করা হয় এবং সবার মতামত গ্রহন সাপেক্ষে নতুন কমিটি গঠন করা হয়। দুপুরের বিরতির পরে দ্বিতীয় সেশনে নতুন কমিটি ঘোষনা এবং শপথ গ্রহন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে কালবেলার প্রতিষ্ঠাবার্ষিকী

পালন

মেহেরপুরে আলোচনা সভা, কেক কাটা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দৈনিক কালবেলার দ্বিতীয় বর্ষপূর্তি ও তৃতীয় বর্ষে পদার্পণ উদযাপন করা হয়েছে।

আজ শনিবার (১৯ অক্টোবর) সকাল সাড়ে ১০ টায় জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে, নতুন বাংলাদেশে সাফল্যের ২ বছর প্রতিপাদ্যে আলোচণা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফির সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুরের অতিঃ জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আর এম ও) সউদ কবির মালিক, মেহেরপুরের স্থানীয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম।

এ সময় আমন্ত্রিত অতিথিদের মধ্য থেকে আরও বক্তব্য রাখেন মেহেরপুর সদর থানার ওসি তদন্ত মোঃ সেলিম, বাসস এর জেলা প্রতিনিধি দিলরুবা আক্তার, ভোরের কাগজের প্রতিনিধি মুর্তজা ফারুক রূপক, জনবানি পত্রিকার প্রতিনিধি রাশেদ খান, অনলাইন পোর্টাল মুজিবনগর খবর ডট কম এর উপদেষ্টা সম্পাদক এম এ হাসান সুমন প্রমূখ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, একুশে টিভি ও সমকালের জেলা প্রতিনিধি ফারুক হোসেন, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত সহ স্থানীয় গণমাধ্যম কর্মীরা।

আলোচনা সভায় আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন বলেন, ‘৫ আগস্ট সরকার পতনের পর আমরা দেখেছি পক্ষপাত মূলক সংবাদ প্রচারণা করার দায়ে অনেক বড় বড় সাংবাদিক দেশ ছাড়া হয়েছেন। এদিক থেকে কালবেলা পত্রিকাটি সম্পূর্ণ ব্যতিক্রম। কালবেলা বস্তুনিষ্ঠ ও তথ্যসমৃদ্ধ খবর প্রকাশের নির্ভীক একটি

মাধ্যম। আশা করছি দৈনিক কালবেলা ভবিষ্যতে সংবাদ প্রকাশের এই ধারাবাহিকতা বজায় রাখবে।’

মেহেরপুরের স্থানীয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনার সম্পাদক মাহাবুব চান্দু বলেন, ‘কালবেলা শুধু খবর প্রকাশের মধ্যেই সীমাবদ্ধ থাকেনা। খবরের ভিতরের খবর কে পাঠকদের মাঝে তুলে আনার চেষ্টা করে। কালবেলার মেহেরপুর জেলা প্রতিনিধি পত্রিকাটির প্রতিষ্ঠালগ্ন থেকেই পত্রিকাটার সাথে যুক্ত থেকে নিজের অবস্থানকে সুদৃঢ করেছেন। তিনি মেহেরপুরকে কতটুকু তুলে ধরতে পেরেছেন এটা পাঠক ও মেহেরপুরের জনগণই ভালো বলবে। আমি পত্রিকাটির উত্তরোত্তর সাফল্য কামনা করছি। ‘

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ বিপতি কুমার বিশ্বাস বলেন, ‘খুব অল্প সময়ের মধ্যেই কালবেলা বস্তুনিষ্ঠ ও সাহসী অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশের মাধ্যমে দেশব্যাপী গ্রহণযোগ্যতা তৈরি করেছে। পাশাপাশি আমাদের মনোজগতেও এখন প্রভাব ফেলেছে কালবেলা। মেহেরপুর জেলার বস্তুনিষ্ঠ ও তথ্য বহুল ঘটনাগুলো নির্ভয়ে পত্রিকায় তুলে আনার কারণে পত্রিকাটির মেহেরপুর প্রতিনিধি রাফিকে আমি খুবই পছন্দ করি। মাঝেমধ্যে আমার অফিসে ডেকে নিয়ে নিউজ প্রকাশের ক্ষেত্রে কোন কোন আইনী দিক বিবেচনা করতে হবে সেই পরামর্শ দিই।’

আলোচনা শেষে দ্বিতীয় বর্ষপূর্তি ও তৃতীয় বর্ষে পদার্পণ উপলক্ষে কেক কাটা হয়। অতঃপর মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করেন চেলসী স্পর্শ মন্ডল এবং অ্যাডভোকেট আব্দুল্লাহ আল অনলের নেতৃত্বে মেহেরপুরের ব্ল্যাক অ্যান্ড হোয়াইট ব্যান্ড সংগীত পরিবেশন করে।

দামুড়হুদায় “দৈনিক কালবেলা”র ২য় প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নানা আয়োজনে দামুড়হুদায় পাঠকপ্রিয় “দৈনিক কালবেলা”র ২য় প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার

দিকে উপজেলা শহরে বর্ণাঢ্য র্যালি শেষে দামুড়হুদা প্রেসক্লাবের কক্ষে কেক কেটে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দৈনিক কালবেলার দামুড়হুদা প্রতিনিধি শাহ জালাল বাবুর সভাপতিত্বে বক্তব্য দেন দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির ফয়সাল।

আলোচনা সভায় বক্তারা বলেন, দৈনিক কালবেলা গত ২ বছরে সাহসী সংবাদ পরিবেশনের মাধ্যমে পাঠকের মন জয় করতে সক্ষম হয়েছে। নতুন বাংলাদেশ সুন্দর ভাবে গড়তে কালবেলার বস্তুনিষ্ঠ সংবাদ ও অনুসন্ধানী প্রতিবেদনপ্রকাশ করে প্রথম সারির গণমাধ্যেম হিসাবে অগ্রণী ভূমিকা পালন করবে। ডিজিটাল প্ল্যাটফর্মে তাৎক্ষণিকভাবে গুরুত্বপূর্ণ সচিত্র সংবাদ পরিবেশন করে মিডিয়া অঙ্গনে র্শীষে অবস্থান করছে। নির্ভীক ও বস্তুনিষ্ঠ যুগোপযোগী সংবাদ পরিবেশনের মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে তাদের এই অবস্থান তৈরি করতে সক্ষম হয়েছে। এই ধারাবাহিকতা বজায় রাখার মাধ্যমে দৈনিক কালবেলা আরও একধাপ অগ্রসর হবে বলে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন।

উক্ত অনুষ্টানে উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ,যুগ্ন সাধারণ সম্পাদক সাজিদ হাসান সোহাগ,সাংগাঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা,দপ্তর সম্পাদক এস এম সুজন,নিবার্হী সদস্য তাছির আহম্মদ,মেহেদি হাসান মিলন,আরিফুল ইসলাম, সদস্য মোজাম্মেল শিশির, বিল্লাল হোসেন মানিক প্রমূখ।

সাংবাদিক মনির হায়দারের মাতার ইন্তিকাল

দেশের অন্যতম টক শো উপস্থাপক ও আলোচক, বাংলাভিশনের নিউইয়র্ক প্রতিনিধি মনির হায়দারের মাতা সামছুন নাহার বার্ধক্যজনিত কারণে ইন্তিকাল করেছেন (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। তিনি ৬ পুত্র ও ৩ কন্যা সন্তানের জননী।

আজ বুধকার (১৬ অক্টোবর) বিকাল সাড়ে চার টার সময় মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

মরহুমার ছেলে গাংনী আলিয়া মাদ্রাসার শিক্ষক মাওলানা সাইফুল ইসলাম জানান, আগামিকাল বৃহস্পতিবার (১৭ অক্টোবর) রাত সাড়ে ৯ টার সময় ইসলামনগর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাযা নামাজ শেষে স্থানীয় করবস্থানে দাফন করা হবে।

তিনি জানান, ভাই সাংবাদিক মনির হায়দার মায়ের মৃত্যুর খবর পেয়ে নিউইয়র্ক থেকে আজকেই রওনা দিয়েছেন।

এদিকে সাংবাদিক মনির হায়দারের মাতার মৃত্যুতে শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন মেহেরপুরের সকল সাংবাদিকবৃন্দ।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননসহ মেহেরপুর প্রতিদিন পরিবার শোক জানিয়েছেন।

দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত ওসি’র মতবিনিময়

চুয়াডাঙ্গার দর্শনায় প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে দর্শনা থানার নবাগত ওসি’র মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সন্ধ্যার পর দর্শনা থানায় নবাগত অফিসার ইনচার্জ (ওসি) শহীদ তিতুমীরের সাথে সাংবাদিকদের এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

এসময় তিনি বলেন, আমি নতুন স্বাধীন দেশের নতুন ওসি হিসাবে এই দর্শনা থানায় যোগদান করেছি। আমি আমার সর্বোচ্চ চেষ্টা দিয়ে এই

থানা এলাকায় সকল প্রকার মাদক, চোরাচালান ও বিভিন্ন অপরাধ দমনে সকলের সহযোগিতায় কাজ করতে চাই। অতীতে কি ঘটেছে এই থানায় সেটা আমি দেখতে চাই না। আমি চাই আমি যতদিন এখানে দ্বায়িত্বে থাকবো সব ধরনের অপরাধ দমনে কাজ করে যাবো ইনশাআল্লাহ। তবে বিশেষ করে মাদকের বিরুদ্ধে জোর তদারকি থাকবে। তাই আমি আপনাদের সকল সাংবাদিকদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

সাংবাদিকবৃন্দ বলেন, আমরা আমাদের দর্শনাকে মাদক ও দুর্নীতি মুক্ত করতে পুলিশকে সার্বিক সহযোগিতা করবো। সেই সাথে আমাদের পেশাগত দায়িত্ব থেকে মাদক, চোরাচালান, চাঁদাবাজি সহ বিভিন্ন অপরাধের বিরুদ্ধে সোচ্চার থাকবো। আমাদের লেখনির মাধ্যমে তা তুলে ধরবো। সেই সাথে মাদক ও দুর্নীতির বিরুদ্ধে কাজ করতে পুলিশকে সার্বিক সহযোগিতা থাকবে সাংবাদিকদের।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক এস.এম ওসমান, সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন, সাংবাদিক- কামরুজ্জামান যুদ্ধ, নজরুল ইসলাম, মাহমুদ হাসান রনি, মনিরুজ্জামান সুমন, চঞ্চল মেহমুদ, হাসমত আলী, আহসান হাবিব মামুন, মাসুম বিল্লাহ, ইমতিয়াজ আহমেদ রয়েল, আব্দুল হান্নান, সুকোমল চন্দ্র দাস বাঁধন, আবিদ হাসান রিফাত প্রমুখ।

ঝিনাইদহে ‘দৈনিক যশোর বার্তা’র প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

যশোর থেকে প্রকাশিত বহুল প্রচলিত ‘দৈনিক যশোর বার্তা’ প্রত্রিকার (ঝিনাইদহ-মাগুরা) প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভাপতি অনুষ্ঠত হয়েছে।

আজ রবিবার (১৩ অক্টোবর) সকাল ১১টায় ঝিনাইদহের মর্ডান মোড়ে